


Publication: Ei Samay	Link: <a href="https://eisamay.indiatimes.com/west-bengal-news/kolkata-news/greenply-redefines-sarbojanin-this-durga-puja-spreads-awareness-on-building-wheelchair-friendly-ramps-in-puja-pandals/articleshow/66070814.cms">https://eisamay.indiatimes.com/west-bengal-news/kolkata-news/greenply-redefines-sarbojanin-this-durga-puja-spreads-awareness-on-building-wheelchair-friendly-ramps-in-puja-pandals/articleshow/66070814.cms</a>
Edition: Online	
Date: 4.10.2018	



## পুজো প্যাভেল হুইলচেয়ার-ফ্রেন্ডলি করার ডাক, পাশে থাকবে 'গ্রিনপ্লাই'

ঢলাচেলের শক্তি নেই, এমন মানুষদের প্যাভেলে গিয়ে ঠাকুর দেখাটা স্বপ্নের সামিল। তাঁদের কথা চিন্তা করেই এ বার নয়া উদ্যোগ নিয়েছে গ্রিনপ্লাই।

EiSamay.Com | Updated: Oct 4, 2018, 04:25PM IST




ফাইল ছবি।

### হাইলাইটস

- পুজো প্যাভেলগুলিকে হুইলচেয়ার-ফ্রেন্ডলি করে দেবার আবেদন জানিয়েছে গ্রিনপ্লাই।
- একটি ভিডিও প্রকাশ করে গ্রিনপ্লাই তুলে ধরেছে এই ধরনের প্যাভেল তৈরির প্রয়োজনীয়তার কথা।
- গ্রিনপ্লাই পুজো উদযোক্তাদের রাম্প তৈরির জন্য প্রাইউড পাঠিয়ে দেবে।

**এই সময় ডিজিটাল ডেস্ক:** বাড়ির ল্যান্ডস্কেপেই দুর্গা ঠাকুর দেখে সঙ্কষ্ট থাকত হয় বিশেষভাবে সক্ষমদের। বয়স্ক অনেক আবার টিভিতে পুজো দেখে পুরানা দিনের স্মৃতিচারণ করেন। কারণ ঢলাচেলের শক্তি নেই, এমন মানুষদের প্যাভেলে গিয়ে ঠাকুর দেখাটা স্বপ্নের সামিল। তাঁদের কথা চিন্তা করেই এ বার নয়া উদ্যোগ নিয়েছে গ্রিনপ্লাই। আঞ্চলিক অর্থেই পুজোকে তারা করে তুলতে চায় সর্বজনীন।



পূজা প্যাভেলগুলিকে হইলচেয়ার-বান্ধব করে তোলার আবেদন জানিয়েছে তারা। এ ব্যাপারে তারা বাড়তে রাজি সাহায্যের হাতও। একটি ভিডিও প্রকাশ করে গ্রিনগ্রাই তুলে ধরেছে এই ধরনের প্যাভেল তৈরির প্রয়োজনীয়তার কথা। ভিডিওয় হাঁদের দেখানো হয়েছে, তাঁরা প্রত্যেকেই প্যাভেলে গিয়ে ঠাকুর দেখতে অপারগ। এই ধরনের মানুষদের জন্য প্রতি প্যাভেলে প্লাইউড দিয়ে একটি র‍্যাম্প তৈরির আবেদন জানিয়েছে গ্রিন গ্রাই।

তাদের সাহচর্যে 'গ্রিন র‍্যাম্প' এ বার যাত্রা শুরু করতে চলেছে বাদামতলা আশ্রম সংঘের প্যাভেলে। সেখানে এই সংস্থা তৈরি করবে একটি হইলচেয়ার-ফ্লেক্সিবি র‍্যাম্প। অন্যান্য পূজা উদ্যোক্তাদেরও এই র‍্যাম্প তৈরির জন্য আবেদন করেছে তারা। গ্রিনগ্রাই বলেছে, 'এমন র‍্যাম্পের প্রয়োজন থাকলে ফেসবুক বা ইনস্টাগ্রামে তা লিখে দিন। আর উল্লেখ করুন পূজা কমিটির নাম। হ্যাশট্যাগ দিন #pujeforall। তাহলেই গ্রিনগ্রাই সেই পূজা উদ্যোক্তাদের র‍্যাম্প তৈরির জন্য প্লাইউড পাঠিয়ে দেবে।'